# কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১৮ সালাত জমা করা বলতে কী বুঝায়?

জমা করতে বলতে বুঝায়, মুসল্লী এগিয়ে এনে যোহরের সময়ে প্রথম যোহর তারপর আসর আদায় করা। অথবা যোহরকে এমনভাবে দেরী করা যে যোহরের ওয়াক্ত শেষ হয়ে যাবে, তারপর আসরের ওয়াক্ত আসলে প্রথমে যোহর আদায় করে তারপর আসরের সালাত আদায় করা।

অনুরূপভাবে মাগরিব ও ইশার ক্ষেত্রেও যোহর ও আসরের মত আদায় করা। অর্থাৎ মাগরিবের সময়ে ইশাকে এগিয়ে এনে প্রথমে মাগরিব তারপর ইশার সালাত আদায় করবে। অথবা মাগরিবকে এমনভাবে পিছিয়ে দিবে যে মাগরিবের সময় শেষ হয়ে যাবে, তারপর ইশার ওয়াক্ত হলে সেখানে প্রথমে মাগরিব আদায় করে তারপর ইশার সালাত আদায় করে নিবে।

এভাবে এগিয়ে এনে কিংবা পিছিয়ে নিয়ে পড়াকে জমা তাকদীম ও জমা তা'খীর বলা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7315

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন